তারিখ 03 NOV 2016
পৃষ্ঠা কলাম

সমকাল

# ড. কুদরাত-এ-খুদার মৃত্যুবার্ষিকী আজ

■ সমকাল প্রতিবেদক

বাঙালি বিজ্ঞানী ড. মুহম্মদ কুদরাত-এ-খুদার ৩৯তম মৃত্যুবার্ষিকী আজ। ১৯৭৭ সালের ৩ নভেম্বর তিনি ঢাকায় ইন্তেকাল করেন। ১৯০০ সালের ১ ডিসেম্বর ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের বীরভূম জেলার মাড়গ্রাম গ্রামে জন্ম নেওয়া এই বিজ্ঞানী বাংলা ভাষায় বিজ্ঞানচর্চাকে জনপ্রিয় করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন। তিনি বাংলা ভাষায় অসংখ্য বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক গ্রন্থ রচনা করেন, যার মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হচ্ছে : বিজ্ঞানের সরস কাহিনী, বিজ্ঞানের বিচিত্র কাহিনী, বিজ্ঞানের সূচনা, জৈব রসায়ন (চার খণ্ড), পরমাণু পরিচিতি ও বিজ্ঞানের পহেলা কথা অন্যতম।

